গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

## অফিস আদেশ

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০৬.১২- ৪৯৩—　　　　তারিখ : ১০-০৮-২০২০ খ্রিস্টাব্দ

২০২০ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা ও সাধারণ বৃত্তি প্রদানের জন্য দেশের ৯টি শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪/০২/২০১৬ মোতাবেক বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ পুনঃনির্ধারণ সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক বোর্ডভিত্তিক বৃত্তির কোটা বন্টন করা হলো :

| শিক্ষা বোর্ডের নাম | **এসএসসি পরীক্ষা-২০২০, (মেধাবৃত্তির বন্টন বিবরণী)** | **এসএসসি পরীক্ষা-২০২০, (সাধারণ বৃত্তির বন্টন বিবরণী)** |
|---|---|---|
| | নির্ধারিত মেধাবৃত্তির কোটা অনুযায়ী নিয়মিত উত্তীর্ণ শিক্ষার্থী অনুপাতে বোর্ডভিত্তিক প্রাপ্য মেধাবৃত্তির সংখ্যা | নির্ধারিত সাধারণ বৃত্তির কোটা অনুযায়ী নিয়মিত উত্তীর্ণ শিক্ষার্থী অনুপাতে বোর্ডভিত্তিক প্রাপ্য সাধারণ বৃত্তির সংখ্যা |
| ঢাকা | ৮৭৮ | ৫৭০১ |
| ময়মনসিংহ | ১৮২ | ১৫৮৮ |
| রাজশাহী | ৬৩৩ | ৩২৫৭ |
| কুমিল্লা | ২৪৯ | ২২১৪ |
| সিলেট | ১০৪ | ১৩৪৭ |
| বরিশাল | ১০৯ | ১৪০৪ |
| যশোর | ৩৩৩ | ২৩৭৩ |
| চট্টগ্রাম | ২১৯ | ১৯২৬ |
| দিনাজপুর | ২৯৩ | ২৬৯০ |

*** মেধাবৃত্তির হার : মাসিক : ৬০০ (ছয়শত) টাকা; এককালীন অনুদান (বাৎসরিক) : ৯০০ (নয়শত) টাকা।
*** সাধারণ বৃত্তির হার : মাসিক : ৩৫০ (তিনশত পঞ্চাশ) টাকা; এককালীন অনুদান (বাৎসরিক) : ৪৫০ (চারশত পঞ্চাশ) টাকা।
*** শিক্ষার্থীদের বৃত্তির টাকা G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে।

### শর্তাবলী :

ক. এই বৃত্তির ব্যয় চলতি (২০২০-২০২১) অর্থ বছরের রাজস্ব বাজেটের "১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭" বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে।

খ. ২০২০-২০২১ অর্থ বছরে বর্ণিত বৃত্তিগুলোর বরাদ্দ-
   (i) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪/০২/২০১৬,
   (ii) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-৪০২, তারিখ: ১১/০৫/২০১৫ এবং
   (iii) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-৭৪১, তারিখ: ১৪/০৮/২০১৪ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী অনুসরণীয়।

গ. (i) **পরীক্ষায় উত্তীর্ণ নিয়মিত শিক্ষার্থীদের মধ্য হতে জিপিএ ৫.০০ প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে মেধাবৃত্তি বণ্টিত হবে।**
   (ii) **সাধারণ বৃত্তির সংখ্যা হতে সংশ্লিষ্ট বোর্ড তাঁর আওতাধীন প্রতি উপজেলায় দু'জন ছাত্র এবং দু'জন ছাত্রী, মেট্রোপলিটন এলাকার প্রতিটি থানাতে একজন ছাত্র এবং একজন ছাত্রী-কে এলাকার কোটা অনুসারে সাধারণ বৃত্তি প্রদান নিশ্চিত করতে হবে।**

ঘ. বৃত্তির গেজেটে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির বরাদ্দকৃত অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে ব্যাংক হিসাবে প্রেরণের নিমিত্তে বাংলাদেশ তফসীলভুক্ত অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংকে একাউন্ট খুলে হিসাব নম্বর ভর্তিকৃত প্রতিষ্ঠানে ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে জমা প্রদানের জন্য শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করতে হবে।

ঙ. বৃত্তির গেজেট আগামী ২৫/০৮/২০২০ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে এবং উক্ত গেজেটের ০১ (এক) সেট হার্ডকপি মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে এবং প্রকাশিত গেজেটের Soft Copy শিক্ষার্থীদের রোল ও রেজিস্ট্রেশন নম্বরসহ এক্সেল সীটে dsheboardgazette@gmail.com ঠিকানায় ই-মেইলে প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

প্রাপক:

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/কুমিল্লা/সিলেট/বরিশাল/যশোর/চট্টগ্রাম/দিনাজপুর

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০৬.১২- ৪৯৬/০৭　　　　তারিখ : ১০-০৮-২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/কুমিল্লা/সিলেট/বরিশাল/যশোর/চট্টগ্রাম/দিনাজপুর
০৪. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ নং পুরানা পল্টন, ঢাকা
০৬. বিভাগীয় কন্ট্রোলার অব একাউন্টস/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.......................................................................................
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
**("দেশের ৯টি শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত ২০২০ সালের এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে রাজস্ব খাতভুক্ত বৃত্তি/মেধাবৃত্তির কোটা বণ্টনের অফিস আদেশ"** শিরোনামে পত্রটি মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ
০৮. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. সংরক্ষণ নথি

10/8/20
(মো: নুরুল ইসলাম চৌধুরী)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন: ৯৫৭৩৮৪২

C:\Users\DD(AQAU)\Desktop\এসএসসি কোটা\Fc ssc ssc cota doc